

# MIDNAPORE DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. NO.- 23219, (03.09.1999)

Affiliated - National Fish Workers Forum (NFF) .

## মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডার ইউনিয়ন

ইউনিয়ন কার্যালয় : কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মাউন্টেন ব্লাবের পিছনে) : কাঁথি : পূর্ব মেদিনীপুর : ৭২১৪০১  
(মোঃ ৯৮০০৭৭৭৪৫৮)

প্রতি,

বিডিও,

রামনগর-২

বালিসাই, রামনগর, পূর্ব মেদিনীপুর।

বিষয়ঃ চাঁদার জুলুম



২৪/০৭/১৮

মাননীয় মহাশয়,

গতকাল ১৯/০৫/২০১৫ বিকাল ৫.০০ নাগাত মৎস্যভেণ্ডাররা দাদনপাত্রবাড় মৎস্য খটি থেকে নোনা মাছ নিয়ে আসার পথে চাউলখোলা মোড়ের কাছে চাঁদার নাম করে একদল দূষ্কৃতি তাঁদের আটকে ১০০/- থেকে ৫০০/- দাবী করে। ভেণ্ডাররা অপারগ জানালে তাঁদের অকথ্য গালিগালাজ করে, হুমকি দেয় এবং মাছ বোঝাই সাইকেল ও মোটর সাইকেল আটকে দেয়। গরীব মৎস্য ভেণ্ডারদের বহু পরিশ্রমে দিনান্তে সামান্য রোজগার হয়। ব্যবসার মূলধনের জন্য ঋণও করতে বাধ্য হন। তাই নিরুপায় হয়ে কেউ কেউ দূষ্কৃতকারীদের কথামত চাঁদা দিয়ে নিষ্কৃতি পেয়েছেন। কেউ কেউ কথামত চাঁদা দিতে না পারায় বা দেরি করে ছাড়ায় তাঁরা সময় মত বাজার ধরতে পারেননি। ফলে তাঁদের মাছ পুরোপুরি নষ্ট হয়ে গেছে।

এই ধরনের সমস্যা ও উৎপীড়নের কথা আপনাকে এবং সংশ্লিষ্ট মহলকে ইউনিয়নের তরফে আগেও জানানো হয়েছে। আমাদের প্রশ্ন, গরীব অবহেলিত ভেণ্ডাররা আর কতদিন চাঁদা নামক পীড়নের শিকার হবেন?

আমাদের অনুরোধ, অবিলম্বে তদন্ত করে দূষ্কৃতকারীদের শাস্তিবিধান ও ভেণ্ডারদের নষ্ট হয়ে যাওয়া মাছের ক্ষতি পূরণ দেওয়ার ব্যবস্থা করবেন এবং ভবিষ্যৎ -এ মৎস্য ভেণ্ডাররা যাতে সুরক্ষা পান তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ধন্যবাদান্তে-

অচিন্ত্য প্রামানিক

অচিন্ত্য প্রামানিক

সম্পাদক

মোঃ ৯৮০০৭৭৭৪৫৮

সুজয় জানা

সুজয় জানা

সহ সভাপতি

মোঃ ৯৭৩৩৮৪৪১৫১

# পত্রের সঙ্গে চাঁদার রসিদের.২ টি কপি জুড়ে দেওয়া হল।

মহাপত্র-মা সারগামারী প্রিন্টার্স এণ্ড বুকবাইন্ডার্স, উল্লেখ রোড, কলিকতা, ফোন-৯১৫৩৬৭৭২৭২



454


প্রিয়জনীন শ্রী শ্রী মনসা ও শীতলা মাতার পূজাৰ্চনা  
পরিচালনায়

# দক্ষিণ শীতলা, ষোল যুবকসংঘ

স্থান- দক্ষিণ শীতলা গ্রাম্য চণ্ডী, শিব ও মনসা মায়ের মন্দির প্রাঙ্গণ।

সাহায্য রসিদ

স্থাপিত - বাংলা ১৩৬৮ সন



স্বধী,  
বর্তমান সামাজিক উপসংস্কৃতির  
করাল গ্রাসে সারা দেশের জনজীবন  
আজ বিধ্বস্ত। এরই মাঝে গ্রীষ্মের  
ছোঁয়ার আমাদের মগুপে মনসা ও  
শীতলা মায়ের পূজার দীনতম  
আয়োজন আপনাদের পূণ্য সমাগমে  
সার্থক হোক। বিনীত-

দাণ : শ্রী শ্রীমতী ..... A.B. 22 - 1498

ঠিকানা..... মহাশয়/মহাশয়ার নিকট হইতে

টাকা ২০০/- ..... ২০১৩ টাকায় ৫০০/- চল ধন্যবাদের ক্ষতি গৃহীত হইল।

তাং 19/5/2015 সভাপতি সম্পাদক আদায়কারী

প্রিয়জনসহ আপনাদের উপস্থিতি ও আন্তরিক সাহায্য একান্ত কামনা করি।

স্বধীর সদস্যবৃন্দ

মহাপত্র-মা সারগামারী প্রিন্টার্স এণ্ড বুকবাইন্ডার্স, উল্লেখ রোড, কলিকতা, ফোন-৯১৫৩৬৭৭২৭২



454


প্রিয়জনীন শ্রী শ্রী মনসা ও শীতলা মাতার পূজাৰ্চনা  
পরিচালনায়

# দক্ষিণ শীতলা, ষোল যুবকসংঘ

স্থান- দক্ষিণ শীতলা গ্রাম্য চণ্ডী, শিব ও মনসা মায়ের মন্দির প্রাঙ্গণ।

সাহায্য রসিদ

স্থাপিত - বাংলা ১৩৬৮ সন



স্বধী,  
বর্তমান সামাজিক উপসংস্কৃতির  
করাল গ্রাসে সারা দেশের জনজীবন  
আজ বিধ্বস্ত। এরই মাঝে গ্রীষ্মের  
ছোঁয়ার আমাদের মগুপে মনসা ও  
শীতলা মায়ের পূজার দীনতম  
আয়োজন আপনাদের পূণ্য সমাগমে  
সার্থক হোক। বিনীত-

দাণ : শ্রী শ্রীমতী .....

ঠিকানা..... মহাশয়/মহাশয়ার নিকট হইতে

টাকা ২০০/- ..... ২৫০০ টাকায় ৩০০/- চল ধন্যবাদের ক্ষতি গৃহীত হইল।

তাং 19/5/2015 সভাপতি সম্পাদক আদায়কারী

প্রিয়জনসহ আপনাদের উপস্থিতি ও আন্তরিক সাহায্য একান্ত কামনা করি।

স্বধীর সদস্যবৃন্দ